শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ


এপ্রিল-জুন ২০২২ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

কর্মকর্তা-কর্মচারীদের কর্মজীবনের মানোন্নয়নে গৃহঋণ চুক্তি স্বাক্ষর





Nasrul Hamid MP
State Minister
Ministry of Power, Energy & Mineral Resources
Government of the People's Republic of Bangladesh

25 April 2022

Dear Managing Director, BCPCL,


With great delight, I am extending my sincere thanks to you and everyone working at Bangladesh China Power Company (Pvt.) Limited (BCPCL) and North-West Power Generation Company Limited (NWPGCL) for the completion of the Payra 1320 MW Power Plant on time. The ultra-supercritical power plant, the first of its kind in Bangladesh and thus Bangladesh has entered as the 13th country in using Ultra Supercritical Technology for clean coal technology-driven power production. In this connection, I acknowledge the cooperation received from Bangladesh-China Power Company (Pvt.) Limited. The timely completion of the [illegible] billion USD project and that too with a saving of 157 million USD is a milestone in the history of Bangladesh. The Hon'ble Prime Minister of People's Republic of Bangladesh inaugurated this power plant on 21 March 2022 being highly satisfied by the success of the company in all respects. I firmly believe that such success was possible because of your dynamic leadership and cautious due diligence in every phase of the company.

I strongly believe your contribution to this project and to the power sector is exemplary and others will follow suit.

With best wishes,

Nasrul Hamid, MP

Engr. A.M. Khurshedul Alam
Managing Director (In Charge), BCPCL
&
Chief Executive Officer, NWPGCL



Dr. Ahmad Kaikaus
Principal Secretary to the Prime Minister
Prime Minister's Office
Govt. of the People's Republic of Bangladesh

D.O.No. 03.061.00.00.005.2022-26

Date: 17 May 2022

Dear Colleague,

It is my immense pleasure and honor to congratulate you all on behalf of the Hon'ble Prime Minister, Government of the People's Republic of Bangladesh for successful inauguration of Payra 1320 MW Thermal Power Plant at Kalapara, Patuakhali held on 21 March 2022. Amidst the twin celebrations of the Birth Centenary of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the Golden Jubilee of our Independence glorified further by graduation to developing country from the status of LDC, inauguration of this mega project has unfolded another success of our booming economic performance over last decade under the spirited leadership of Hon'ble Prime Minister Sheikh Hasina. The historical moment of unveiling plaque of the power plant is a leading light in our power sector as it is the first mega project implemented in comparatively short span of time. The gracious presence and forward-looking speech by Hon'ble Prime Minister Sheikh Hasina have enlightened the program.

The Payra Power Plant also became a part of history by being the proud venue of declaration of 100 percent electrification of Bangladesh, a pledge fulfilled by the current government to bring all households under electricity coverage by "Mujib Borsho". Above all, the show in the Rabnabad Marine Channel and the cultural display staged after the opening program were remarkable indeed. All the members of Bangladesh-China Power Company Ltd and its parent companies North-West Power Generation Company Ltd and China National Machinery Import and Export Corporation, members of Board of Directors of respective company and officials of Power Division deserve special applause for the excellent efforts they exerted and the Prime Minister's Office is thankful to you all for every hardship you have endured to make everything happened in a befitting manner. Please accept our unfeigned appreciation.

(Dr. Ahmad Kaikaus)

Managing Director
Bangladesh-China Power Company Ltd.

মাননীয় প্রধানমন্ত্রী ও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর পক্ষ থেকে প্রশংসা পত্র অর্জন




পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে সাফল্য অর্জন করায় মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের জন্যে এনডব্লিউপিজিসিএল এর জাতীয় পরিবেশ পদক-২০২২ অর্জন

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

এপ্রিল-জুন ২০২২ সংখ্যা

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর চতুর্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। এছাড়া, পরিবেশ সংরক্ষণের নিমিত্ত নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের গুরুত্ব বিবেচনায় ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করে প্রায় ৯৪০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা সরকারের রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমান বিশ্ব করোনা মহামারীতে পর্যুদস্ত। এরই ফলাফলে বিশ্বের অর্থনীতি এক বড় চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়িয়েছে। আশার সংবাদ হচ্ছে, সারা বিশ্বের অর্থনীতি এক অনাকাঙ্খিত মন্দার মুখোমুখি হলেও বাংলাদেশের অর্থনীতি যথেষ্ট বেগবান। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। করোনা মহামারী সত্ত্বেও এনডব্লিউপিজিসিএল সাফল্যের সাথে কাজ করে গেছে। যে সাফল্য চিত্র বিদ্যুৎ খাত তথা সমগ্র বাংলাদেশের জন্যেই গর্বের বিষয়। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির সাফল্যচিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তার ২০২১-২২ অর্থ বছরে চতুর্থ সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল


### উপদেষ্টামন্ডলী

**মোঃ মাসুদুল ইসলাম**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

### প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

### সম্পাদক

**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

### সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

### সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ই-মেইল :** info@nwpgcl.org.bd
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

# স্বাগত বক্তব্য




**প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল**

মহান বিজয়ের এ মাসে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর শহীদ মুক্তিযোদ্ধাদের। যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর চতুর্থ সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহনের মাধ্যমে উপকৃত হবেন। এছাড়া, এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পরিশেষে, ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি - ৫

এক নজরে কোম্পানির কার্যক্রম - ৬

বিশেষ ফিচার: পদ্মা সেতু আমাদের গৌরব ও সম্ভাবনা- ৯

মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে প্রশংসা পত্র অর্জন - ১০

মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর থেকে প্রশংসা পত্র অর্জন - ১১

গৃহঋণ চুক্তি স্বাক্ষর- ১২

সম্মানিত পরিচালনা পর্ষদের সদস্য ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের রূপসা প্রকল্প পরিদর্শন - ১৩

প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন - ১৪

জাতীয় পরিবেশ পদক-২০২২ অর্জন -১৫

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রশিক্ষণ কর্মশালা -১৬

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম - ১৭

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম - ২১

খুলনা বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম-২৭

মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ পরিচালন ও মেইনটিন্যান্স কার্যক্রম-৩১

অগ্নি-নির্বাপণ মহড়া - ৩৪


## কর্মকর্তা-কমচারীদের লেখা


জলবৎ তরলং- ৩৫

# কোম্পানি পরিচিতি




দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫৭৮ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৮৫৯ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২ কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | **সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩ কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬** |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | **সিম্পল সাইকেল: মে ২০১৭ কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭** |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮ কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | **এপ্রিল ২০১৯** |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেলঃ অক্টোবর ২০১৮ কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | ১ম ইউনিটঃ মে, ২০২০ ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬ | **২৯ মার্চ ২০২১** |
| | | **বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩** | |

## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ


| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: ফেব্রুয়ারী ২০২৩ ২য় ইউনিট: আগস্ট ২০২৩ |
| ২. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১৩২০ | ৩য় ইউনিট: মে ২০২৪ ৪র্থ ইউনিট: জুন ২০২৪ |
| ৩. | পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬০ | জুন, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | জুন, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৩ |
| ৬. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | এলএনজি | ১২০০ | ১ম ইউনিটঃ ডিসেম্বর, ২০২৪ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫৭৮** | |

৪

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ


| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২৭ |
| ২. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ৩য় ইউনিটঃ ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | বিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৪৫৯ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৮৫৯** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



বিশেষ
ফিচার

# পদ্মা সেতু আমাদের গৌরব ও সম্ভাবনা




গত ২৫ জুন ২০২২ তারিখে বহুল প্রতীক্ষিত স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন ঘোষিত হয়েছে। ২৬ নভেম্বর, ২০১৪ তে কাজ শুরু হওয়া পদ্মা সেতু নির্মাণ সম্পন্ন করতে সময় লেগেছে প্রায় ৮ (আট) বছর। এটি বাংলাদেশের জন্যে একটি ঐতিহাসিক অর্জন। কেননা পদ্মা সেতুর মাধ্যমে রাজধানীর সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলার সংযোগ তৈরি হয়েছে সড়কপথে। মোটকথা পদ্মা সেতু উদ্বোধনের ফলে দেশের দক্ষিণাঞ্চলের এক-তৃতীয়াংশ জেলা রাজধানী ঢাকা এবং বাকি অংশের সঙ্গে সড়কপথে যুক্ত হয়েছে। এর ফলে, দেশের দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক অগ্রগতি তরান্বিত হবে। উপরন্তু, এই সেতুর ফলে এখন থেকে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন লিমিটেড এর আওতাধীন চারটি বিদ্যুৎ কেন্দ্র তথা ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি, মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র এবং পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (যৌথ মালিকানাধীন)- এর সাথে যোগাযোগ সুবিধাজনক হবে। যা প্রচুর সময়, শ্রম ও অর্থ সাশ্রয় করবে। এছাড়া, দক্ষিণ পশ্চিমাঞ্চলের অর্থনৈতিক উন্নতিতে এ সকল বিদ্যুৎ কেন্দ্র উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। বাংলাদেশের এই ঐতিহাসিক অর্জনে নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড পরিবার আনন্দিত ও গর্বিত।

# মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে সম্মাননা পত্র অর্জন



Dr. Ahmad Kaikaus
Principal Secretary to the Prime Minister
Prime Minister's Office
Govt. of the People's Republic of Bangladesh

D.O.No. 03.061.00.00.005.2022-26 Date: 17 May 2022

Dear Colleague,

It is my immense pleasure and honor to congratulate you all on behalf of the Hon'ble Prime Minister, Government of the People's Republic of Bangladesh for successful inauguration of Payra 1320 MW Thermal Power Plant at Kalapara, Patuakhali held on 21 March 2022. Amidst the twin celebrations of the Birth Centenary of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the Golden Jubilee of our Independence glorified further by graduation to developing country from the status of LDC, inauguration of this mega project has unfolded another success of our booming economic performance over last decade under the spirited leadership of Hon'ble Prime Minister Sheikh Hasina. The historical moment of unveiling plaque of the power plant is a leading light in our power sector as it is the first mega project implemented in comparatively short span of time. The gracious presence and forward-looking speech by Hon'ble Prime Minister Sheikh Hasina have enlightened the program.

The Payra Power Plant also became a part of history by being the proud venue of declaration of 100 percent electrification of Bangladesh, a pledge fulfilled by the current government to bring all households under electricity coverage by "Mujib Borsho". Above all, the show in the Rabnabad Marine Channel and the cultural display staged after the opening program were remarkable indeed. All the members of Bangladesh-China Power Company Ltd and its parent companies North-West Power Generation Company Ltd and China National Machinery Import and Export Corporation, members of Board of Directors of respective company and officials of Power Division deserve special applause for the excellent efforts they exerted and the Prime Minister's Office is thankful to you all for every hardship you have endured to make everything happened in a befitting manner. Please accept our unfeigned appreciation.

(Dr. Ahmad Kaikaus)


Managing Director
Bangladesh-China Power Company Ltd.

পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ কেন্দ্র হিসেবে দেশের বিদ্যুৎ চাহিদা মেটাতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে। ডিসেম্বর ২০২০-এ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) উৎপাদনে আসে। এর মোট উৎপাদন ক্ষমতা ১২৪৪ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন এর যৌথ উদ্যোগে এ বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হয়েছে এবং এর ২য় পর্যায়ের কাজও চলমান রয়েছে। গত ২১ মার্চ ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী স্বশরীরে উপস্থিত থেকে পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র এর ১ম পর্যায়ের শুভ উদ্বোধন ঘোষণা করেন। পাশাপাশি তিনি উক্ত বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে সারাদেশে শতভাগ বিদ্যুতায়নের ঘোষণা প্রদান করেন।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং এর আওতাধীন কোম্পানি বাংলাদেশ চায়না পাওয়ার কোম্পানি লিমিটেড এর সম্মিলিত প্রয়াসে আয়োজিত অনুষ্ঠান সফলভাবে আয়োজিত হওয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মহোদয় কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর একটি ধন্যবাদজ্ঞাপন পত্র (Appriciation Letter) প্রদান করেন। উক্ত পত্রে তিনি উল্লেখ করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর যুগল উদযাপনের মাঝে এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার মধ্য দিয়ে আমাদের স্বাধীনতা আরও সমুজ্জ্বল হয়েছে । বর্তমানে এই মেগা প্রকল্পের উদ্বোধনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যমী নেতৃত্বে গত এক দশকে আমাদের ক্রমবর্ধমান অর্থনীতির আরেকটি সাফল্য উন্মোচিত হয়েছে। এ বিদ্যুৎ কেন্দ্রের ফলক উন্মোচনের ঐতিহাসিক মুহূর্তটি বিদ্যুৎ খাতের জন্যে এক পথ প্রদর্শক হয়ে থাকবে, কারণ এ দেশে প্রথমবারের মত এতবড় একটি প্রকল্প তুলনামূলকভাবে স্বল্প সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতি ও দূরদর্শী বক্তব্য অনুষ্ঠানের ভাবগাম্ভীর্য সমুজ্জ্বল করেছে।

এছাড়া, পায়রা বিদ্যুৎ কেন্দ্র হতে মাননীয় প্রধানমন্ত্রী শতভাগ বিদ্যুতায়নের ঘোষণা দেয়ায় এটি ইতিহাসের অংশ হয়ে গেছে এবং শতভাগ বিদ্যুতায়নের ঘোষণার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর মুজিববর্ষে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার অঙ্গীকার পূর্ণ হয়েছে। সর্বোপরি, রাবনাবাদ মেরিন চ্যানেলের অনুষ্ঠান এবং উদ্বোধনী অনুষ্ঠানের পর মঞ্চস্থ সাংস্কৃতিক প্রদর্শনী ছিল সত্যিই অসাধারণ। বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি লিমিটেডের সকল সদস্য এবং এর মূল কোম্পানি নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন, চায়না এবং নিজ নিজ পরিচালনা পর্ষদের সদস্য এবং বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারাও তাদের চমৎকার প্রচেষ্টার জন্য বিশেষ সাধুবাদ পাওয়ার দাবিদার। সবকিছু সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকলে যে কঠোর পরিশ্রম করেছেন তার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় সকলের প্রতি কৃতজ্ঞ।

# মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এর পক্ষ থেকে সম্মাননা পত্র অর্জন



Nasrul Hamid MP
State Minister
Ministry of Power, Energy & Mineral Resources
Government of the People's Republic of Bangladesh

25 April 2022

Dear Managing Director, BCPCL,

With great delight, I am extending my sincere thanks to you and everyone working at Bangladesh China Power Company (Pvt.) Limited (BCPCL) and North-West Power Generation Company Limited (NWPGCL) for the completion of the Payra 1320 MW Power Plant on time. The ultra-supercritical power plant, the first of its kind in Bangladesh and thus Bangladesh has entered as the 13th country in using *Ultra Supercritical Technology* for clean coal technology-driven power production. In this connection, I acknowledge the cooperation received from Bangladesh-China Power Company (Pvt.) Limited. The timely completion of this 2.45 Billion USD project and that too with a saving of 157 million USD is a milestone in the history of Bangladesh. The Hon'ble Prime Minister of People's Republic of Bangladesh inaugurated this power plant on 21 March 2022 being highly satisfied by the success of the company in all respects. I firmly believe that such success was possible because of your dynamic leadership and cautious due diligence in every phase of the company.

I strongly believe your contribution to this project and to the power sector is exemplary and others will follow suit.

With best wishes,

Nasrul Hamid, MP

Engr. A.M. Khurshedul Alam
Managing Director (In-Charge), BCPCL
&
Chief Executive Officer, NWPGCL

Phone: +88-02223354491, Fax +88-02-9545464, Web: www.mpemr.gov.bd, Email: sm@mpemr.gov.bd

পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ কেন্দ্র হিসেবে দেশের বিদ্যুৎ চাহিদা মেটাতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে। ডিসেম্বর ২০২০-এ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) উৎপাদনে আসে। এর মোট উৎপাদন ক্ষমতা ১২৪৪ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন এর যৌথ উদ্যোগে এ বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হয়েছে এবং এর ২য় পর্যায়ের কাজও চলমান রয়েছে। গত ২১ মার্চ ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী স্বশরীরে উপস্থিত থেকে পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র এর ১ম পর্যায়ের শুভ উদ্বোধন ঘোষণা করেন। পাশাপাশি তিনি উক্ত বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে সারাদেশে শতভাগ বিদ্যুতায়নের ঘোষণা প্রদান করেন।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং এর আওতাধীন কোম্পানি বাংলাদেশ চায়না পাওয়ার কোম্পানি লিমিটেড এর সম্মিলিত প্রয়াসে আয়োজিত অনুষ্ঠান সফলভাবে আয়োজিত হওয়ায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি মহোদয় এনডব্লিউপিজিসিএল এর প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর একটি ধন্যবাদজ্ঞাপন পত্র (Appriciation Letter) প্রদান করেন। উক্ত পত্রে তিনি উল্লেখ করেন যে, পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র এর উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশ বিশ্বের ১৩ (তের)তম আলট্রা সুপার ক্রিটিকাল প্রযুক্তি ব্যবহারকারী দেশ হিসেবে স্বীকৃত হয়েছে। ২.৪৫ বিলিয়ন ডলারের এ মহা প্রকল্প যথাসময়ে সম্পন্ন হওয়ার ফলে ১৫৭ মিলিয়ন ডলার সাশ্রয় হয়েছে যা দেশের ইতিহাসে একটি দৃষ্টান্তমূলক মাইলফলক। মাননীয় প্রধানমন্ত্রী ২১ মার্চ ২০২২ তারিখে বিদ্যুৎ কেন্দ্রটি উদ্বোধন করার মাধ্যমে সার্বিক দিক বিবেচনায় অন্তত্য সন্তুষ্ট হয়েছেন। এছাড়াও মাননীয় প্রতিমন্ত্রী পত্রে এনডব্লিউপিজিসিএল এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম এর গতিশীল নেতৃত্বে ও সময়োচিত পদক্ষেপেই যে উক্ত বিদ্যুৎ কেন্দ্র সফলভাবে বাস্তবায়িত হয়েছে সে জন্যে তাকে ধন্যবাদজ্ঞাপন করেন।

উক্ত প্রশংসাপত্র এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে ব্যাপকভাবে অনুপ্রাণিত করেছে।

# গৃহঋণ চুক্তি স্বাক্ষর



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে বাড়ি (আবাসিক) নির্মাণের জন্য একক ঋণ, জমি ক্রয়সহ বাড়ি (আবাসিক) নির্মাণের জন্য একক বা গ্রুপভিত্তিক ঋণ, জমিসহ তৈরি বাড়ি ক্রয়ের জন্য একক ঋণ ও ফ্ল্যাট ক্রয়ের ঋণ প্রদানের নিমিত্ত ১২ এপ্রিল, ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) ও অগ্রণী ব্যাংক লিমিটেড এর মধ্যে এনডব্লিউপিজিসিএল-এর মধ্যে কোম্পানির বোর্ড রুম, কর্পোরেট অফিসে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। কোম্পানির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উক্ত চুক্তিতে অত্যন্ত আনন্দিত হয়েছেন। তারা মনে করেন এমন উদ্যোগ কর্মজীবনের মানোন্নয়নে সহায়ক হবে।

# নির্বাহী পরিচালক (পিএন্ডডি), প্রকৌঃ আবু আহমেদ আখতার হোসেন মহোদয়ের বিদায় সম্বর্ধনা










নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর নির্বাহী পরিচালক (পিএন্ডডি), প্রকৌঃ আবু আহমেদ আখতার হোসেন মহোদয় চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন বিধায় তাঁকে কোম্পানির পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয় এবং শুভেচ্ছা স্মারক হিসেবে ক্রেস্ট ও উপহার প্রদান করা হয়। এছাড়া, কোম্পানির নিকট চাকুরীকালীন পাওনা হিসেবে গ্র্যাচ্যুইটি, সিপিএফ ও ছুটি নগদায়নসহ অন্যান্য পাওনাদির চেক প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয় তাঁর হাতে তুলে দেন।

# সম্মানিত পরিচালনা পর্ষদের সদস্য ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের রূপসা প্রকল্প পরিদর্শন



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের কাজ অত্যন্ত দ্রুতগতিতে এগিয়ে চলছে। মে, ২০২২ পর্যন্ত উক্ত প্রকল্পের ভৌত অগ্রগতি- ৫৩.২২% এবং আর্থিক অগ্রগতি- ১৬.০২%। আশা করা যাচ্ছে, এ বিদ্যুৎ কেন্দ্রটির প্রথম ইউনিট অক্টোবর ২০২৩ সালে উৎপাদনে আসবে। জানুয়ারী ২০২২ এ কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য জনাব সেখ আকতার হোসেন এবং জনাব আবু নাসেরসহ প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ.এম. খোরশেদুল আলম রুপসা বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের বাউন্ডারি ওয়াল এবং প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণের নিমিত্ত রুপসা বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন করেন।

# প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন



**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর** প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ.এম. খোরশেদুল আলম জানুয়ারি ২০২২ এ খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন এবং নানা দিক-নির্দেশনা প্রদান করেন।

# জাতীয় পরিবেশ পদক-২০২২ অর্জন




জাতীয় পরিবেশ পদক-২০২২




মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের প্লান্ট ম্যানেজার প্রকৌঃ আফসানুল তানভীর জাতীয় পরিবেশ পদক-২০২২ গ্রহণ করছেন

বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের উন্নয়নের চাকা গতিশীল রাখার পাশাপাশি পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বদ্ধ পরিকর। কেননা এনডব্লিউপিজিসিএল অবহিত আছে একমাত্র দূষণ নিয়ন্ত্রণ এবং বৃক্ষরোপণ ও সবুজায়নের মাধ্যমেই পরিবেশের ভারসাম্য রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমৃদ্ধ পরিবেশ উপহার দেওয়া সম্ভব। সম্প্রতি খুলনা বিভাগ হতে প্রাতিষ্ঠানিক পর্যায়ে পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে সাফল্য লাভ করায় এনডব্লিপিজিসিএল এর আওতাধীন মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রকে জাতীয় পরিবেশ পদক-২০২২ প্রদান করা হয়। এ অর্জন কোম্পানির সবাই আনন্দিত ও গর্বিত।



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

# ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রশিক্ষণ কর্মশালা





৬ই জুন, ২০২২ ইং তারিখে, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর অংশ হিসেবে '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করনীয়' শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন, অধ্যাপক ডঃ মোঃ সোহরাব হোসেন (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বুয়েট) ও নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর কর্মকর্তাবৃন্দ।

# সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম

**এপ্রিল-২২ থেকে জুন-২২ পর্যন্ত** সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্রঃ


১। সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) Heat Recovery Steam Generator (HRSG)-এর সেফটি ভাল্বসমূহের কার্যকারিতা পরীক্ষা করা হয় এবং কিছু ভাল্বের Pressure Setting সমন্বয় করা হয়।





চিত্র-১: সেফটি ভাল্বসমূহের কার্যকারিতা পরীক্ষা করা হচ্ছে

২। প্রত্যাশিত Performance না দেওয়ায় স্টিম টারবাইনের Close Circuit Cooling Water (CCCW) Heat Exchanger-টি Dismantle করা হয় এবং ক্ষতিগ্রস্ত Gasket ও বেশ কিছু Plate পরিবর্তন করা হয়।



চিত্র-২: CCCW Plate Heat Exchanger মেরামত করা হচ্ছে

৩। স্টিম টারবাইনের Condenser Tube পরিষ্কারের জন্য অতীব প্রয়োজনীয় Rubber Ball Cleaning System-এর ত্রুটি মেরামত করা হয়।



চিত্র-৩: Rubber Ball Cleaning System মেরামত করা হচ্ছে

৪। বিদ্যুৎ কেন্দ্রের High Speed Diesel (HSD) ট্যাঙ্কের অগ্নি নির্বাপণ ব্যবস্থার (Foam System) কার্যকারিতা পরীক্ষা করা হয়।

চিত্র-৪: HSD ট্যাঙ্কের অগ্নি নির্বাপণ ব্যবস্থার কার্যকারিতা পরীক্ষা করা হচ্ছে

৫। গ্যাস টারবাইনের Pilot Gas (PG) Control Valve-এ Internal leakage জনিত ত্রুটি থাকায় Valve-টি সঠিকভাবে পরিচালিত হচ্ছিল না। পরবর্তীতে, Valve-টির Main Shaft-এর ক্ষতিগ্রস্ত O-Ring-এর পরিবর্তে একটি নতুন O-Ring স্থাপন করে আলোচ্য সমস্যাটির সমাধান করা হয়।

চিত্র-৫: Pilot Gas Control Valve মেরামত করা হচ্ছে

| কাজের বিবরণ |
| --- |
| ১। ট্রান্সফরমার এবং সংলগ্ন mini-yard এলাকায় Earth Resistance Measurement |



| কাজের বিবরণ |
|---|
| ২। Switchgear প্যানেল থেকে লোড কারেন্ট Measurement |



| কাজের বিবরণ |
| --- |
| ৩। HP-BFP -A মোটর এর Vibration Measurement |



| কাজের বিবরণ |
| --- |
| ৪। GBC-A কম্প্রেসরের intercooler এর নৈমিত্তিক সংরক্ষণ কার্যক্রম |
|   |

| কাজের বিবরণ |
| --- |
| ৫। HSD area তে valve সমুহের gearbox মেরামতকরণ |
|  |

| কাজের বিবরণ |
| --- |
| ৬। Fire water deluge system এর operational healthiness পর্যবেক্ষণ |
|  |

| কাজের বিবরণ |
|---|
| ৭। Emergency Diesel Generation (EDG) সিস্টেমের periodic trial run সম্পাদন |
|  |

# খুলনা বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম




Rerouting Pipe Connection to Additional Heating Arrangement (GBC)



Pipeline Alignment (GBC)

# মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ পরিচালন ও মেইনটিন্যান্স কার্যক্রম

২০২২ সালের জুন মাসের মেইনটিন্যান্স কাজের অংশ হিসেবে চিত্রে প্রদত্ত কার্যক্রম সম্পাদন করা হয়ঃ




চিত্র ১- অ্যান্টি-পলিশিং রিং অপসারণ



চিত্র ২- সিলিন্ডার হেড অপসারণ



চিত্র ৩- লুজেনিং টার্বোচার্জার কার্টিজ বোল্ট



চিত্র ৪- লুজেনিং টার্বোচার্জার কার্টিজ বোল্ট



চিত্র ৫- লুজেনিং টার্বোচার্জার কার্টিজ বোল্ট



চিত্র ৬- সাবস্টেশনের বার্ষিক মেন্টেইনেন্স



চিত্র ৭- ১১কেভি সার্কিট ব্রেকার ভিজুয়াল ইন্সপেকশন



চিত্র ৮- ১৩২ কেভি পিটি পরিষ্কার করা হচ্ছে




চিত্র ৯- অলটারনেটর ইনলেট এয়ার ফিল্টার পরিষ্কার করা হচ্ছে

# অগ্নি-নির্বাপণ মহড়া

কোম্পানির কেপিআই নিরাপত্তা পরিকল্পনার আওতায় কর্পোরেট অফিস ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে অগ্নিঝুঁকি হ্রাসকল্পে নিয়মিত অগ্নি- নির্বাপণী ব্যবস্থাসমূহের (ফায়ার এক্সটিংগুইশার, হোজ পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি) কার্যকারিতা যাচাই করতঃ প্রতিমাসে অগ্নি-নির্বাপণী মহড়ার আয়োজন করা হয়।

## কর্পোরেট অফিসে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি





## সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি






## খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি






## ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি





## মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি





# জলবৎ তরলং

[রচনায়- মো. রিফাত মাহমুদ, মো. জাহিদুল ইসলাম, কেমিক্যাল বিভাগ, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-২)]

জল-সে তো জলেরই মতন- সহজ, সরল এবং অতিমাত্রায় তরল। তাই কী? বাদশা আকবর তো সাধের রাজধানী ফতেহ্পুর সিক্রি ছেড়ে গেলেন পানির কষ্টে। বুখারা, সমরকন্দ, দিল্লি হয়ে অধুনা ঢাকা; সব নগরীই পানির বিলি বণ্টন নিয়ে বিস্তর ভেবেছে। সিন্ধু-নীল নদ, দজলা-ফোরাত নদী; সবাই দিয়েছে কৃষি জমিতে সেচ- দু'কূলে ধারণ করেছে মানব সভ্যতা। হোয়াংহো নদী 'চীনের দুঃখ' হয়ে ঝরিয়েছে অশ্রু- সেকথা লেখা আছে চীনা লোককথা আর গানে। শিল্প পরিসরে পানির উৎস, যোগান, পরিশোধন ও বিলিব্যবস্থা সবসময়ই প্রযুক্তিবিদদের ভাবিয়েছে, আজও ভাবাচ্ছে। দেশের বৃহৎ শিল্প ক্ষেত্র যথা- বিদ্যুৎ, জ্বালানি, সার, ইস্পাত, ঔষধ শিল্প সহ সব কারখানাতেই পানির প্রয়োজন। বর্ণহীন, গন্ধহীন, আকার-আকৃতিহীন পানি কল-কারখানায় নানা রূপে ভাস্বর- কখনো শীতক, কখনো ধারক, কখনো পরিষ্কারক, কখনো লঘুকারক, কখনোবা দ্রাবক।

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-২) এ শিল্পমানসম্পন্ন সর্বাধুনিক প্রযুক্তির সহায়তায় De Mineralized Water (DM Water) তৈরি করা হচ্ছে। ভূ-গভীর উৎস থেকে পানি তুলে Ultra Filtration (UF), Reverse Osmosis (RO) ও Electro De Ionization (EDI) পদ্ধতি ব্যবহার করে পানি পরিশোধন করা হচ্ছে। UF সিস্টেমে Microza কোম্পানির ফিল্টার রয়েছে, RO সিস্টেমে রয়েছে জাপানের Toray ফিল্টার। এছাড়া EDI সিস্টেমে আমেরিকার General Electric ব্রান্ডের EDI Cell ব্যবহৃত হচ্ছে।
কোম্পানির নিজস্ব জনবল দ্বারা পানির প্ল্যান্টে ওয়াশিং কার্যক্রম পরিচালনা করা হয়েছে। UF সিস্টেমে Chemical Enhanced Backwash বা CEB করা হয়েছে। সেইসাথে RO সিস্টেমে RO Membrane Cleaning এর মাধ্যমে RO সিস্টেমের দক্ষতা পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। এসকল ওয়াশিং-ক্লিনিং কাজের সুবিধার্থে প্ল্যান্টের সন্নিকটে DCS Panel স্থাপনের মাধ্যমে Local Work Station নির্মাণ করা হয়েছে। ভবিষ্যৎ ওয়াশিং-ক্লিনিং কাজেও এই Local Work Station টির সুবিধা গ্রহণ করা যাবে।

শিল্প-উৎপাদনের সাথে সাথে মান-নিয়ন্ত্রণও খুবই গুরুত্ব বহন করে। তৈরী DM Water এর pH, conductivity, silica মাত্রা নিরূপণের লক্ষ্যে সুইজারল্যান্ডের Swan কোম্পানির মিটার বসিয়ে অনলাইন তদারকি চালু করা হয়েছে। একইসাথে Super Heater এর নিম্নচাপ ও উচ্চচাপ চেম্বারে স্টিম থেকে প্রাপ্ত কনডেন্সেটের স্যাম্পল লাইনে Swan Silica Meter বসানো হয়েছে। এর ফলে DM Water ও Super-Heated Steam সার্বক্ষণিক নজরদারির আওতায় এসেছে। টারবাইনে গুণগতমানসম্পন্ন স্টিম নিশ্চিত করার জন্য ফিড ওয়াটার, নিম্নচাপ ও উচ্চচাপ Super-Heated Steam তিন মাস অন্তর অন্তর third party এর মাধ্যমে পরীক্ষা করা হচ্ছে।

পানির মান পরীক্ষায় ল্যাবরেটরিতে আধুনিক যন্ত্রাদির ব্যবস্থা হয়েছে। প্রকল্প থেকে প্রাপ্ত চীনা মিটারগুলোর পাশাপাশি আমেরিকার HACH Spectrophotometer এর মাধ্যমে পানির জটিল পরীক্ষাগুলো সম্পন্ন

করা হচ্ছে। ফলে, পানির Silica, Hardness, phosphate এর মাত্রা নিরূপণ প্রক্রিয়া আরও নিখুঁত হয়েছে। সেই সাথে পানিতে iron, copper, manganese, arsenic, ammonia, hydrazine এর পরিমাণ নজরদারিতে এসেছে। ল্যাবরেটরি যন্ত্রপাতি Third Party এর মাধ্যমে নিয়মিত Inspection & Calibration করা হচ্ছে এবং সকল মিটারের calibration certificate প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। এভাবে ল্যাবের কার্যক্রম আরও স্বচ্ছ ও নির্ভরযোগ্য হয়েছে।

কেমিক্যাল ডোজিং কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে Portable Dosing Pump ব্যবহার করা হচ্ছে। ডোজিং চলাকালে Occupational Safety নিশ্চিতকল্পে Honeywell 5400 সিরিজের full-face protection mask এর মাধ্যমে চোখ, মুখমন্ডল ও শ্বাসতন্ত্রের সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে। Compatibility Chart ব্যবহার করে কেমিক্যাল সমূহ সংরক্ষণ করা হচ্ছে; ফলে অগ্নি ঝুঁকি, বিস্ফোরণ ঝুঁকি ও বিক্রিয়া ঝুঁকি প্রশমিত হয়েছে। কেমিক্যাল সমূহ যেখানে রাখা হয়, সেখানে Material Safety Data Sheet (MSDS) প্রদর্শনীর ব্যবস্থা রাখা হয়েছে। কেমিক্যাল সংরক্ষণে Containment Barrier,তাপমাত্রা ও আর্দ্রতা পরিমাপ, অগ্নি নির্বাপণ সুবিধা সম্বলিত Central Chemical Store নির্মাণাধীন রয়েছে। কেমিক্যাল এর ডোজিং ও স্টোর এলাকায় পর্যাপ্ত সংখ্যক Eye-Wash Station স্থাপন করা হয়েছে।

বিদ্যুৎ কেন্দ্রে পানি ও কেমিক্যাল ব্যবস্থাপনার গুরুত্ব সীমাহীন। এ কাজে সকলের সহায়তা ও ঐকান্তিক প্রচেষ্টা অপরিহার্য।



প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে ল্যাব টেস্ট পর্যবেক্ষণ করছেন




পূর্বের ইনএক্টিভ অনলাইন সিলিকা এনালাইজার



নতুন সোয়ান অনলাইন সিলিকা এনালাইজার



ওল্ড ল্যাব ইন্সট্রুমেন্টস




নিউ হ্যাচ ল্যাব ইন্সট্রুমেন্টস



মিউচুয়াল রিএজেন্ট ডিসপেন্সার




অটোমেটিক রিএজেন্ট ডিসপেন্সার



ল্যাবোরেটরি রিএজেন্ট স্টোরেজ ইন অপটিমাম কন্ডিশন




এক নজরে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ল্যাবোরেটরি




ল্যাবোরেটরিতে আই ওয়াশ ফেসিলিটি




হানিওয়েল ফুল ফেইস প্রটেকশান কেমিক্যাল মাস্ক



কেমিক্যাল ডোজিং এর সময়ে ফুল ফেইস প্রটেকশন মাস্কের ব্যবহার